

দুর্নীতি দমন কমিশন (দুদক) এর 'কমিশনার (অনুসন্ধান)' হিসাবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাবেক জ্যেষ্ঠ সচিব ড. মো. মোজাম্মেল হক খান মহোদয়ের যোগদান।

আজ (০২ জুলাই, ২০১৮ খ্রি: তারিখে) দুর্নীতি দমন কমিশন (দুদক) এর 'কমিশনার (অনুসন্ধান)' হিসাবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাবেক জ্যেষ্ঠ সচিব ড. মো. মোজাম্মেল হক খান মহোদয় যোগদান করেছেন।



নতুন কমিশনার মহোদয়কে দুর্নীতি দমন কমিশন (দুদক) এর পক্ষ থেকে দুদক সচিব জনাব ড. মোঃ শামসুল আরেফিন এবং মহাপরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মাদ মুনীর চৌধুরী ফুলেল শুভেচ্ছা মাধ্যমে স্বাগত জানান।

জনাব ড. মো. মোজাম্মেল হক খান ১৯৫৯ সালের ৩ নভেম্বর মাদারীপুর জেলায় জন্মগ্রহণ করেন। ঢাকা কলেজ থেকে উচ্চ মাধ্যমিক সম্পন্ন করে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ কল্যাণ বিভাগ থেকে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি, সিডিসি, মিসর থেকে এসডি (পপুলেশন অ্যান্ড ডেভেলপমেন্ট) ডিগ্রি লাভ করেন।

পরবর্তীতে তিনি জাহাজীরনগর বিশ্ববিদ্যালয় হতে লোক প্রশাসন বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। ১৯৮২ নিয়মিত ব্যাচে বিসিএস (প্রশাসন) ক্যাডারের সদস্য হিসেবে সরকারি চাকরিতে যোগদান করেন মোজাম্মেল হক। চাকরি জীবনে মাঠ পর্যায়ে তিনি সহকারী কমিশনার, ম্যাজিস্ট্রেট, রেভিনিউ ডেপুটি কালেক্টর, বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, উপজেলা নির্বাহী কর্মকর্তা, অতিরিক্ত জেলা প্রশাসকের দায়িত্ব পালন করেন।

জনাব ড. মো. মোজাম্মেল হক খান বাণিজ্য মন্ত্রণালয় এবং শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর একান্ত সচিব হিসেবেও দায়িত্ব পালন করেন। ২০০১ সালের প্রথমদিকে উপ-সচিব পদে পদোন্নতি পেয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পরিচালক এবং ঝিনাইদহ জেলার জেলা প্রশাসক হিসেবে দায়িত্ব পালন করেন। ২০০১ নির্বাচন পূর্বসময়ে তিনি জেলা প্রশাসক পদ থেকে প্রত্যাহত হন।

এ ছাড়া তিনি মৎস ও পশু সম্পদ মন্ত্রণালয় ও শিল্প মন্ত্রণালয়ে উপ-সচিব, বিএসইসির পরিচালক (অর্থ), তত্ত্বাবধায়ক সরকারের সময়ে মহামান্য রাষ্ট্রপতির একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। ২০০৯ সালে সচিব পদে পদোন্নতি পান। এরপর তিনি পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রণালয়, সড়ক বিভাগ, আইএমইডি বিভাগ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। ২০১৪ সালে তিনি সরকারের জ্যেষ্ঠ সচিব পদে পদোন্নতি প্রাপ্ত হয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিবের দায়িত্বে ছিলেন। ২০১৬ সালের ১১ ডিসেম্বর থেকে জ্যেষ্ঠ সচিব হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করছেন।